অস্ট্রেলিয়া বিএনপির সভায় মিজানুর রহমান মিনু

এম. মোরশেদ: বিএনপির সাংগঠনিক সম্পাদক ইলিয়াস আলীর সন্ধান, এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে গত ১৭ ই জুন ২০১২ রবিবার বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি অস্ট্রেলিয়ার উদ্যোগে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিএনপির যুগ্ম-মহাসচিব ও রাজশাহী মহানগর সভাপতি সাবেক মেয়র মিজানুর রহমান মিনু। তিনি বলেন, বর্তমান সরকার দলীয় সরকারের অধীনে নির্বাচন করতে চায়। আমরা চাই গণতন্ত্র নিজের পথে চলুক।

সংগঠনের সভাপতি ডা. আবদুল ওহাব বকুলের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সভাপতি ও যুব-দলের আন্তর্জাতিক সম্পাদক মনিরুল হক জর্জ এবং বহির্বিশ্ব বিএনপির সাধারণ সম্পাদক ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোঃ মোসলেহ উদ্দিন আরিফ।

সাধারণ সম্পাদক একে এম ফজলুল হক শফিকের পরিচালনায় অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন বিএনপি অস্ট্রেলিয়ার সাবেক সাধারণ সম্পাদক ফারুক আহমেদ খান, ভয়েস অব বাংলাদেশের পরিচালক ড.নার্গিস আকতার বানু, মোঃ কাইয়ুম, সাবেক সাংগঠনিক সম্পাদক মোঃ লুৎফুল কবির, হাবিব মোহামদ জকি, স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাফিজুল ইসলাম তারেক, যুব-দলের ভারপ্রাপ্ত সভাপতি আবুল হাসান, সাধারণ সম্পাদক আবদুল মতিন উজ্জল, এ্যাড. মোবারক হোসেন, জিসাস সহ সভাপতি তাছলিমা কবির, ছাত্রদলের সিনিয়র সহ সভাপতি শাকিল আহমেদ, লাভলী আলম, প্রকৌশলী সোহেল মাহমুদ ইকবাল, ডা. জাহিদুল ইসলাম, আরিফুল হক আরিফ, ইসমাইল মিয়া, মাসুদুর রহমান, নেসার আহমেদ, সজীব আহমেদ, মিজানুর রহমান, প্রকৌশলী শফিক ইমরান শুভ, ইয়াসিন আরাফাত অপু, হুমায়ুন কবির, সাইদুর রহমান, রাকিব হোসেন প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে মনিরুল হক জর্জ বলেন, ইলিয়াসকে গুমের ব্যাপারে পুরো দায়িত্ব সরকারকে নিতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে বহির্বিশ্ব বিএনপির সাধারণ সম্পাদক ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোঃ: মোসলেহ উদ্দিন আরিফ বলেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। সে কারণেই গত কয়েক মাসের মধ্যে সাংবাদিক দম্পতি সাগর-রুনি, সৌদি দূতাবাস কর্মকর্তা খুন ও ইলিয়াস আলীর গুমের ঘটনায় সন্দেহজনক ভাবেও কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সভাপতির বক্তব্যে ডা. আবদুল ওহাব বকুল বলেন, জনগণের জীবনের নিশ্চয়তা দিতে না পারার কারণে বর্তমান সরকার জন-সমর্থন হারিয়েছে।